

## 💵 ফির্কাহ নাজিয়া

বিভাগ/অধ্যায়ঃ অনুবাদকের কথা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## অনুবাদকের কথা

إن الحمد لله نحمده ونستعينه ونستغفره ونعود بالله من شرور أنفسنا وسيئات أعمالنا، من يهده الله فلا مضل له، ومن يضلل فلا هادى له، وأشهد أن لا إله إلا الله وحده لا شريك له، وأشهد أن محمد عبده ورسوله

يَا أَيُّهَا النَّاسُ اتَّقُوا رَبَّكُمُ الَّذِي خَلَقَكُم مِّن نَّفْسٍ وَاحِدَةٍ وَخَلَقَ مِنْهَا زَوْجَهَا وَبَثَّ مِنْهُمَا رِجَالًا كَثِيرًا وَنِسَاءً اللَّهَ وَالنَّهُ اللَّهَ وَالْأَرْحَامَ اللَّهَ كَانَ عَلَيْكُمْ رَقِيبًا

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ حَقَّ تُقَاتِهِ وَلَا تَمُوتُنَّ إِلَّا وَأَنتُم مُّسْلِمُونَ

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ وَقُولُوا قَوْلًا سَدِيدًا \* يُصلِحْ لَكُمْ أَعْمَالَكُمْ وَيَغْفِرْ لَكُمْ ذُنُوبَكُمْ ﴿ وَمَن يُطِعِ اللَّهَ وَرَسُولَهُ فَقَدْ فَازَ فَوْزًا عَظِيمًا

শ্রদ্ধেয় মুহাম্মাদ বিন জামীল যাইনু (হাফেযাহুল্লা-হু তাআলা) সাহেব। সিরিয়া দেশের এক প্রতিভাধর কুরআন ও সহীহ সুন্নাহর অনুসারী সালাফী আলেম। বর্তমানে তিনি মক্কা মুকারামার বাসিন্দা এবং দারুল হাদীস আলখাইরিয়্যাহ'র অন্যতম শিক্ষক। শিক্ষকতার সাথে সাথে তিনি দাওয়াত ও তবলীগের কাজে নিজেকে ওয়াকফ ও উৎসর্গ করে দিয়েছেন। হক ও সত্যের সন্ধান পেয়ে মানুষকে তার সন্ধান দিতে কুরআন ও সহীহ হাদীসের। আলোকে বহু বই-পুস্তক রচনা করেছেন। অত্র পুস্তকখানি সেই সিরিজের অন্যতম।

শির্কের প্রচলন ও ধরন প্রায় সকল দেশে একই প্রকার। তিনি তাঁর নিজ দেশ ও পরিবেশে ঘটমান যে সব শির্ক ও বিদআতকে চিহ্নিত করেছেন তা আমাদের দেশ ও পরিবেশেও দৃশ্যমান। তাই বইটির অনুবাদ ফলপ্রসু ও যথার্থ হবে বলেই আমাদের দৃঢ় বিশ্বাস। বাংলার মানুষ যদি এ ধরনের নির্দেশিকার অনুসরণ করেন তবে নিঃসন্দেহে তারা সেই দলের অন্তর্ভুক্ত হবেন, যে দল পার্থিব জীবনে বাতিলের বিরুদ্ধে জিহাদে আল্লাহর তরফ হতে সাহায্যপ্রাপ্ত, যে দলের একমাত্র নেতা ও প্রতিষ্ঠাতা মুহাম্মাদ রস্লুল্লাহ (সা.) এবং তাঁর সাহাবায়ে কেরাম। যে দলের দলীয় নীতি আল-কুরআন, সহীহ সুন্নাহ ও সালাফের ব্যাখ্যা। যে দল কিয়ামত আসা পর্যন্ত বাতিলের উপর হক নিয়ে বিজয়ী থাকবে ও তার বিরুদ্ধবাদীরা তার কোনও ক্ষতিসাধন করতে পারবে না। আর যে দল। পরকালে আল্লাহর আযাব ও জাহান্নাম হতে মুক্তি প্রাপ্ত হবে।

যে দলের মতাদর্শ অতি নির্মল। যাতে কোন পার্থিব স্বার্থাম্বেষিতা নেই। নেই কোন 'মারপ্যাচ' ও প্রবঞ্চনা। কুরআন ও সুন্নাহর কোন অপব্যাখ্যা নেই। সহীহ সুন্নাহর কোন প্রকার রদ্দ বলতে নেই। সুন্নাহর নামে দুর্বল, জাল ও ভিত্তিহীন হাদীস এবং কোন অদ্ভুত গালগল্পের শর্য়ী স্থান নেই। এ দলের। নেতা ও নীতি ব্যতীত আর কারো ব্যক্তিত্ব ও মতপূজা এবং অন্ধ-পক্ষপাতিত্ব নেই। এই দলই তো ফির্কাহনা-জিয়াহ ও তায়েফাহ মানসূরাহ। আল্লাহর নিকট সকাতর প্রার্থনা যে, তিনি সকল মুসলিমকে এই দলেরই দলভুক্ত করুন এবং পৃথিবীর বুকে তার সংবিধান প্রতিষ্ঠা করে, ইসলামের বিজয়-নিশান উডডয়মান করে এবং মানুষকে শান্তির সুধা পান করিয়ে



'খেলাফত'-এর দায়িত্ব পালনে প্রয়াস ও প্রেরণা দিন। আল্লাহুম্মা আমীন। আব্দুল হামীদ ফায়যী আল মাজমাআহ্ ১৬/৫/৯৫ খ্রিঃ

• Source — https://www.hadithbd.com/books/link/?id=12376

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন